# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড

## Nuclear Power Plant Company Bangladesh Limited

(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)

শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০২.২২-৫৭২ তারিখ : ২৫.০৯.২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্তাধীন প্রতিষ্ঠান নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এ নিম্নের বর্ণনা মোতাবেক নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | পদের গ্রেড ও মূল বেতন (টাকা) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | ডেপুটি ম্যানেজার (নিউক্লিয়ার সেফটি) | গ্রেড-৬ : ৮৪,০০০/- | ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত যে-কোন বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞান বা নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর বা ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং-এ ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে অন্ততঃ ২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ যে-কোন এনপিপি বা নিউক্লিয়ার আর এন্ড ডি প্রতিষ্ঠানে অন্ততঃ ৭ (সাত) বছরের অভিজ্ঞতা |
| ০২ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স) | গ্রেড-৯ : ৫২,৮০০/- | ০২ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইলেকট্রনিক) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা |
| ০৩ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) | গ্রেড-৯ : ৫২,৮০০/- | ০৭ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেকানিক্যাল) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা |
| ০৪ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) | গ্রেড-৯ : ৫২,৮০০/- | ০২ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইলেকট্রিক্যাল) পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা |
| ০৫ | জুনিয়র ক্রেন অপারেটর | গ্রেড-১৩: ৩১,২০০/- | ১০ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা এবং ক্রেন চালনার জন্য প্রযোজ্য লাইসেন্স/ ভারী গাড়ী চালনার ড্রাইভিং লাইসেন্স-সহ যে-কোন সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠানে ক্রেন চালনার কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা |
| ০৬ | টেকনিশিয়ান (মেকানিক্যাল) | গ্রেড-১৫ : ২৪,০০০/- | ৭৬ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৭ | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) | গ্রেড-১৫ : ২৪,০০০/- | ৪১ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ ইলেকট্রিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৮ | টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) | গ্রেড-১৫ : ২৪,০০০/- | ২৪ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ০৯ | ল্যাব টেকনিশিয়ান (কেমিক্যাল) | গ্রেড-১৫ : ২৪,০০০/- | ২৯ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান বা কেমিস্ট্রি/ কেমিকেল টেকনোলজি বিষয়ে সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে কেমিস্ট্রি বা কেমিকেল ল্যাবরেটরির কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ১০ | টেকনিশিয়ান (ওয়েল্ডিং) | গ্রেড-১৫: ২৪,০০০/- | ০৩ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং ওয়েল্ডিং কাজের জন্য স্বীকৃত সনদসহ যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ওয়েল্ডিংয়ের কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |
| ১১ | টেকনিশিয়ান (লেদ) | গ্রেড-১৫: ২৪,০০০/- | ০৩ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে লেদ মেশিন চালনার কাজে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা |

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- ক্রমিক নং ০১ হতে ০৪ এর ক্ষেত্রে কম্পিউটার অ্যাপ্লিকেশন বিশেষভাবে মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং ইউনিকোড টাইপিং-এ দক্ষতা থাকতে হবে।
- ক্রমিক নং ০১ এর ক্ষেত্রে যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- ক্রমিক নং ০২ হতে ০৪ এর ক্ষেত্রে যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- ক্রমিক নং ০৫ হতে ১১ এর ক্ষেত্রে যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৪.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ২য় বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- ২০.১০.২০২২ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ক্রমিক নং ১ এর ক্ষেত্রে ৩৫ (পঁয়ত্রিশ) বছর ও ক্রমিক নং ৫ এর ক্ষেত্রে ৩৭ (সাঁইত্রিশ) বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বছর।

[ চলমান ]

[ চলমান ]

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ১ (এক) বছর প্রবেশনকাল গণ্য করা হবে, তবে প্রবেশনকাল ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত হতে পারে। প্রবেশনকাল সফল ভাবে সমাপ্তি এবং প্রবেশনকালে এনপিসিবিএল কর্তৃক প্রণীত প্রশিক্ষণের ফলাফল এবং/ অথবা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণ করা হবে।

২. কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।

৩. প্রবেশনকালে কেবল উপরের ছকে ৩নং কলামে বর্ণিত হারে মাসিক মূল বেতন ও বিধি মোতাবেক উৎসব ভাতা এবং প্রকল্প সাইটে কর্মকালীন মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা প্রদান করা হবে।

৪. এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর উপরের ছকে ৩নং কলামে বর্ণিত মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%−৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। ঘোষনা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতিয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসায়নসহ যেকোন আইনি ব্যবস্থা নিতে পারে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ২৮.০৯.২০২২ তারিখ থেকে ২০.১০.২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" সংগ্রহ করতে হবে যা মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যে-কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

- **কোম্পানী সেক্রেটারী**

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd